

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯০৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - সিজদা্ ও তার মর্যাদা

আরবী

وَعَنْ نَافِعٍ أَنَّ ابْنَ عُمَرَ كَانَ يَقُولُ: مَنْ وَضَعَ جَبْهَتَهُ بِالْأَرْضِ فَلْيَضَعْ كَفَّيْهِ عَلَى الَّذِي وَضَعَ عَلَيْهِ جَبْهَتَهُ ثُمَّ إِذَا رَفَعَ فَلْيَرْفَعْهُمَا فَإِنَّ الْيَدَيْنِ تَسْجُدَانِ كَمَا يَسْجُدُ الْوَجْهُ. رَوَاهُ مَاك

বাংলা

৯০৫-[১৯] নাফি' (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনু 'উমার (রাঃ) বলতেন, যে ব্যক্তি সালাতের সাজদায় নিজের কপাল জমিনে রাখে সে যেন তার হাত দু'টিকেও জমিনে ওখানে রাখে যেখানে কপাল রাখে। তারপর যখন সিজদা (সিজদা/সেজদা) হতে উঠবে তখন নিজের হাত দু'টিও উঠায়। কারণ যেভাবে মুখমণ্ডল সিজদা (সিজদা/সেজদা) করে ঠিক সেভাবে দু' হাতও সিজদা (সিজদা/সেজদা) করে। (মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ: মুয়াত্ত্বা মালিক ৩৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মারফূ' সূত্রে তথা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত পৌঁছেছে উলাইয়াহ্ আইয়ূব হতে, তিনি নাফি' হতে, তিনি 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দু' হাত সিজদা (সিজদা/সেজদা) করে যেমনটি চেহারা সিজদা (সিজদা/সেজদা) করে যখন তোমাদের কেউ সিজদা (সিজদা/সেজদা) করে সে যেন তার হাতদ্বয় রাখে আর যখন সিজদা (সিজদা/সেজদা) হতে মাথা উঠাবে তখন হাতদ্বয় যেন উঠায়।

সাজদায় তার হাতের তালুদ্বয় ঐ স্থানে রাখবে যেখানে তার কপাল রেখেছে।

আর ইবনু 'উমার (রাঃ)-এর হাদীসের এ বক্তব্য 'আব্বাস (রাঃ)-এর হাদীসের দিকে ইঙ্গিত করে যেখানে বলা



হয়েছে, বান্দা যখন সিজদা্ করে সে যেন সাতটি অঙ্গের উপর সিজদা্ করে আর সাতটি অঙ্গ হচ্ছে চেহারা, দু' হাতের তালু দু' হাঁটু এবং দু' পা।

হাদীসটি আরো নির্দেশ করে যে, হাতের আঙ্গুলগুলো যেন ক্বিবলামুখী হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন